গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

স্মারক নং ২৬.০৩.১১০০.০০১.০০.০৪৪.২৩

তারিখঃ ১৭ আশ্বিন ১৪৩১ / ০২ অক্টোবর ২০২৪

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস সফটওয়্যার), সেবা প্রদান প্রতিশ্রুতি, ওএলএম ও এ দপ্তরের **কার্যক্রম বিষয়ে ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ:**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস সফটওয়্যার), সেবা প্রদান প্রতিশ্রুতি, ওএলএম ও এ দপ্তরের কার্যক্রম বিষয়ে সহযোগী প্রতিষ্ঠান ও অংশীজনদের সমন্বয়ে গত ২৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে এ দপ্তরের নিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করা হয়।

উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে নিদের্শক্রমে প্রেরণ করা হলো।


(মোঃ হাবিবুর রহমান সুমন)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে
মোবাইল নম্বর: ০১৬৮৩-১৬২৭০১
ফোন: ০২-৪১০৫০২২১
ac1.dhaka@ccie.gov.bd


বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
২ চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩ নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪ মেম্বার (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫ মেম্বার (আয়কর), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৭ চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৮ ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি: প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা।
৯ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি ভবন, (১০ তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১০ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগর ভবন, ঢাকা-১০০০।
১১ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২।
১২ প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ১০ বঙ্গবন্ধু সম্প্রসারিত সড়ক, নারায়ণগঞ্জ ১৪০০।
১৩ প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর নগর ভবন, গাজীপুর।
১৪ সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা।
১৫ সভাপতি, (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, উত্তরা, ঢাকা।
১৬ সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।
১৭ সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশেন (বিকেএমইএ), ঢাকা।
১৮ সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ, বিসিআইসি ভবন (৪র্থ তলা)৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
১৯ সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫/৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২০ সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি (এমসিসিআই), এমসিসিআই ভবন, ৪র্থ ফ্লোর, ১২৪/ডিআইটি এভিনিউ, ঢাকা -১০০০।
২১ সভাপতি, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, 5th Floor, TMC Building, 52 নিউ ইস্কাটন রোড, ঢাকা।
২২ সভাপতি, কিশোরগঞ্জ চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কিশোরগঞ্জ।
২৩ সভাপতি, বাংলাদেশ পিভিসি পাইপ ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, 20, Habib Market, 25 Siddiq Bazar Rd ঢাকা।
২৪ সভাপতি, Bangladesh Specialized Textile Mills & Power loom Industries Association, ঢাকা।
২৫ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ, ঢাকা।
২৬ সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউস এসোসিয়েশন, Abanti, House # 37 (1st Floor) Appt # D-1 Road # 27, Graveyard Road, ঢাকা-১২১২।
২৭ সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ), ঢাকা।
২৮ সভাপতি, বাংলাদেশ ওয়াচ ইম্পোর্টার্স এ্যাসেম্বেলার্স এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, ৩৩ পাটুয়াটলী, ৩য় ফ্লোর, ঢাকা।
২৯ সভাপতি, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, টাঙ্গাইল।
৩০ সভাপতি, পুরাতন কাপড় আমদানিকারক সমিতি, তোপখানা রোড, ঢাকা-১০০০।
৩১ সভাপতি, এসোসিয়েশন অব বাংলাদেশ ক্লথ মার্চেন্টস, ১/৩০, কালীরবাজার, এসিধর রোড, নারায়নগঞ্জ।
৩২ সভাপতি, বাংলাদেশ ঠিকাদার সমিতি; হমায়ুন রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা।

৩৩ সভাপতি, বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইম্পোর্টার্স এন্ড ডিলার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার(১৫ তলা)১৫/৫, বিজয়নগর, ঢাকা।
৩৪ সভাপতি, বাংলাদেশ হার্ডওয়ার এন্ড মেশিনারীজ মার্চেন্টস এসোসিয়েশন, ৫,বঙ্গবন্ধু এ্যাভিনিউ (৪র্থ তলা), ঢাকা-১০০০।
৩৫ সভাপতি, এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৪০৬/বি, খিলগাঁও, চৌধুরী পাড়া, ঢাকা-১২১৭।
৩৬ সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, রোড#৭/এ, বাড়ি# ৮৮, ফ্ল্যাট# এ-১, (২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
৩৭ সভাপতি, বাংলাদেশ লেদার গুডস ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশন, ১০, জুমরাইল লেন, নয়াবাজার, ঢাকা।
৩৮ সভাপতি, বাংলাদেশ জুট গুডস এসোসিয়েশন, ৯/জি, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩৯ সভাপতি, বাংলাদেশ পাদুকা প্রস্তুতকারক সমিতি, জয়নাথ রোড, বকসিবাজার, লালবাগ, ঢাকা-১২১১।
৪০ সভাপতি, এগ্রিকালচারাল মেশিনারী ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৬/এ/১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৪১ সভাপতি, বাংলাদেশ ইলেকট্রিক্যাল এসোসিয়েশন, বিইএ ভবন, ১৪৪/২, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা-১০০০।
৪২ সভাপতি, ............................................................................
৪৩ ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, ...........................................................

স্মারক নং ২৬.০৩.১১০০.০০১.০০.০৪৪.২৩ – ৮৩২৯

তারিখঃ ১৭ আশ্বিন ১৪৩১ / ০২ অক্টোবর ২০২৪

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ যুগ্ম নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৩ সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৪ সহকারী নিয়ন্ত্রক (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৫ সহকারী নিয়ন্ত্রক (প্রশাসন), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৬ ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৭ ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮ ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯ জনাব নুসরাত জাহান, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
১০ ব্যক্তিগত সহকারী, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
১১ অফিস কপি।

02.10.2024

(মোঃ হাবিবুর রহমান সুমন)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
জতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস সফটওয়্যার), সেবা প্রদান প্রতিশ্রুতি, ওএলএম ও এ দপ্তরের **কার্যক্রম বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাসুদুল মান্নান, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | দপ্তরের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ২৩ সেপ্টেম্বর, ২০২৪ |
| সভার সময় | : | ১১.০০ টা |

**উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-(ক)**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান ও চেম্বার/এসোসিয়েশন এর সভাপতি/সাধারণ সম্পাদক, বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে Annual Performance Agreement (APA) এর অংশ হিসেবে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস সফটওয়্যার), সেবা প্রদান প্রতিশ্রুতি এবং OLM এর মাধ্যমে ১-৫ বছর পর্যন্ত নবায়ন ও অন্যান্য সেবা দ্রুত প্রদানের ক্ষেত্রে বিভিন্ন বিষয় তুলে ধরেন। পাশাপাশি তিনি OLM এর মাধ্যমে change information বিষয়ক আবেদন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। দপ্তরের সার্বিক উন্নয়নসহ সেবা সহজিকরণের ক্ষেত্রে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণে অংশীজনদের সার্বিক সহায়তা কামনা করে সামগ্রীক বিভিন্ন বিষয়ে তিনি উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

২.০ **আলোচনা:**

২.১ ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ নাজমুল করিম উল্লেখ করেন যে, প্রতিষ্ঠানসমূহের আইআরসি/ইআরসি সনদ নবায়ন করার সময় সদস্যতা সনদ হালনাগাদ আছে কি না সে বিষয়ে যাচাই না করার কারণে প্রতিষ্ঠানসমূহ পরবর্তীতে চেম্বার/এসোসিয়েশনের মেম্বারশিপ এর হালনাগাদ করেন না। তিনি বলেন যে, বিগত ২০২৩-২৪ অর্থবছরে ১৫০ জন মেম্বার তাদের এসোসিয়েশন হতে সদস্যতা সনদ গ্রহণ করেন। কিন্তু ২০২৪-২৫ অর্থবছরের মাত্র ৫-১০ জন মেম্বার সদস্যতা সনদ হালনাগাদ করেন। তিনি আরও জানান যে, এসোসিয়েশন এর আর্থিক আয়ের উৎস হলো সদস্যতা সনদের ইস্যু ফি এবং এর নবায়ন ফি। সুতরাং আইআরসি/ইআরসি সনদ এর নবায়ন করার সময় হালনাগাদ সদস্যতা সনদ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলের মতামত জানতে চান। এ প্রেক্ষিতে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকার উপনিয়ন্ত্রক জনাব মোঃ উবায়দুল্লাহ বলেন যে, পূর্বে নবায়নের সময় হালনাগাদ সদস্যতা সনদ দাখিল বাধ্যতামূলক ছিলো, বর্তমানে সেবা সহজিকরণের স্বার্থে এটা বাধ্যতামূলক তালিকা হতে বাদ দেওয়া হয়েছে। এ প্রসঙ্গে জনাব মোঃ উবায়দুল্লাহ বিভিন্ন দপ্তর সংস্থার সাথে ইন্টিগ্রেশনের মাধ্যমে বরং অটো নবায়ন সিস্টেম চালু করা যায় কি না সে বিষয়ে এ দপ্তরের ক্যাপাসিটি বিল্ড আপ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

২.২ আয়কর রিটার্ন যাচাই ব্যতীত প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়ন করা সম্ভব কি না এ প্রশ্নের জবাবে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর সিনিয়র অতিরিক্ত মহাসচিব জনাব শাহ মোঃ আব্দুল খালেক Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর 184A(3) এর সংশোধিত বিধান মোতাবেক আইআরসি/ইআরসি ইস্যু এবং নবায়নের জন্য The proof of submission of return (PSR) দাখিল বাধ্যতামূলক হওয়ায় আইআরসি/ইআরসি নবায়ন করার সময় আয়কর রিটার্নের আপডেট সম্পর্কে যাচাই ছাড়া নবায়ন করার কোন সুযোগ নেই। তিনি সাম্প্রতিক সময়ে এ দপ্তর কর্তৃক সম্পাদিত বিভিন্ন কর্মকাণ্ডের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি এ দপ্তরের অভিযোগ বক্স ফাংশনাল আছে কি না জানতে চান এবং কোনো সেবাগ্রহীতা যেন সেবা সংক্রান্ত বিষয়ে অহেতুক হয়রানির শিকার না হন সে বিষয়ে বিশেষ মনযোগ রাখার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে অনেক সময় বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট যৌক্তিক কোনো তথ্য ও ডকুমেন্টস চাওয়া হলে তারা তা বুঝতে চান না এবং হয়রানির শিকার হচ্ছেন মর্মে নানা জায়গায় লিখিত ও মৌখিক অভিযোগ করতে থাকেন। হালনাগাদ রিটার্ন দাখিলের বিষয়ে তিনি আরও উল্লেখ করেন যে, OLM সফটওয়্যারে এমন সিস্টেম থাকা দরকার যেন আয়কর রিটার্ন আপডেট না থাকলে নবায়নের আবেদন করার যাবে না। এজন্য OLM সিস্টেমে যে যে সংস্কার প্রয়োজন তা করা জরুরি।

২.৩ বিজিএমইএ এর সিনিয়র এক্সিকিউটিব জনাব মোঃ রাশেদুল ইসলাম এ দপ্তর হতে প্রদত্ত ওএলএম সেবার বিভিন্ন বিষয় সম্পর্কে অংশীজনের মতামত ও পরামর্শ গ্রহণপূর্বক এর সেবার মান উন্নয়নের বিষয়ে সভা আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। লাইসেন্সের মেয়াদ ৩০ জুন থাকার পরও ৩০ এপ্রিল থেকে নবায়নের জন্য জরিমানা ধার্য করা হচ্ছে কেন সে বিষয়ে তিনি জানতে চান। এ বিষয়ে সভাপতি জানান যে, আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ধারা ৮(১) এর নির্দেশনাবলে জরিমানা গ্রহণ করা হয়। যেহেতু গেজেটের মাধ্যমে এরূপ আদেশ করা হয়েছে, সেহেতু এ আদেশ বাস্তবায়ন না করে কোনো উপায় নেই।

তিনি আরও বলেন যে, এরূপ আদেশের কারণে নবায়নের সময়ে পূর্বের জট আগের তুলনায় অনেক কমেছে এবং প্রতিষ্ঠানসমূহ নিবন্ধনের মেয়াদ থাকতে থাকতে সুবিধাজনক সময়ে নবায়ন করতে পারছেন। আদেশের এ ধারা সম্পর্কে সেবাগ্রহীতাদের অবহিত করার জন্য আদেশ জারির অব্যবহিত পর হতেই গণমাধ্যমসহ আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তরের ওয়েবসাইটে প্রচার করা হচ্ছে, কাজেই এ বিষয়ে শুরুতে কিছু সমস্যা হলেও ভবিষ্যতে কোনো সমস্যা হবে না। এ প্রেক্ষিতে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকার উপনিয়ন্ত্রক জনাব মোঃ তারিকুল ইসলাম নিবন্ধন সনদপত্রের Terms & Conditions অংশে এ বিষয়ে সুনির্দিষ্ট শর্ত আরোপ করার বিষয়ে মতামত প্রদান করেন। তিনি আরও বলেন যে, জরিমানা ব্যতীত মেয়াদ শেষ হওয়ার ৬০ দিন পূর্বে নবায়ন এবং ০১-০৫ বছরের নবায়নের বিষয়ে অনেকেই অবহিত নন, একারণে তিনি নিবন্ধন সনদে Terms & Conditions হিসেবে 'To avoid late fees, renewal application for this certificate, which can extend from 01 (one) to 05 (five) years, must be submitted 60 days before its expiration, as stipulated in the Importers, Exporters, and Indentors (Registration) Order, 2023.' সংযোজন করার বিষয়ে প্রস্তাব করেন।

২.৪ সভায় অংশগ্রহণকারী স্টেকহোল্ডারগণ যাতে দালাল/কনসালটেন্টের স্মরণাপন্ন না হয়ে অনায়াসে এ দপ্তরের সকল সেবা গ্রহণ করতে পারেন সেজন্য ওএলএম সেবার সচিত্র গাইডলাইন অথবা সেবা ভিত্তিক আলাদা আলাদা ভিডিও টিউটোরিয়াল প্রকাশের বিষয়ে পরামর্শ প্রদান করেন।

৩.০ সভাপতি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ও সদস্যতা প্রদানকারী চেম্বার/এসোসিয়েশনকে অনলাইনে সনদ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। বস্ত্র অধিদপ্তরকে অনলাইনে লাইসেন্স প্রদান ও সিসিআইএন্ডই এর সাথে MoU করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

৪.০। <u>বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

৪.১ বস্ত্রখাত সংশ্লিষ্ট রপ্তানির ক্ষেত্রে ইআরসি গ্রহণের সময় বিজিএমইএ, বিজিবিএ, বিকেএমইএ এর সদস্যতা সনদ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.২ নিবন্ধন সনদে Terms & Conditions হিসেবে 'To avoid late fees, renewal application for this certificate, which can extend from 01 (one) to 05 (five) years, must be submitted 60 days before its expiration, as stipulated in the Importers, Exporters, and Indentors (Registration) Order, 2023.' সংযোজন করার বিষয়ে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরকে অবহিত করা;

৪.৩ বিভিন্ন দপ্তর সংস্থার সাথে ইন্টিগ্রেশনের মাধ্যমে অটো নবায়ন সিস্টেম চালু করা যায় কি না সে বিষয়ে এ দপ্তরের ক্যাপাসিটি বিল্ড আপ করার বিষয়ে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরকে অবহিত করা;

৪.৪ কোনো প্রতিষ্ঠানকে এসোসিয়েশনের মেম্বারশিপ দেওয়ার পূর্বে প্রতিষ্ঠানের ঠিকানা এবং ব্যবসার সাথে সংশ্লিষ্টতা ভালোভাবে যাচাই করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এফবিসিসিআই এর দৃষ্টি আকর্ষণ;

৪.৫ প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর এ সভাটি অনুষ্ঠিত হবে;

৫.০ আর কোনো আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৫/২৪

(মোঃ মাসুদুল মান্নান)
নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
ফোন নং: ৪১০৫০২৭৮
মোবাইল নম্বর: ০১৭০৭০৭৩২২৫
ই-মেইল: mamaapollo@gmail.com
controller.dhaka@ccie.gov.bd